

উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০৩.২২- ৪০

তারিখঃ ০৫/০৩/২০২২খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের নিম্ন বর্ণিত স্থায়ী কমিটির সভা সমূহ আগামী ০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় 'বড়াল' সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

সভার নামঃ-

- ১। কৃষি ও সেচ কমিটি।
- ২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।
- ৩। মুক্তি যোদ্ধা কমিটি।
- ৪। পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি।
- ৫। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি।
- ৬। যুব ক্রীড়া উন্নয়ন কমিটি।
- ৭। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি।
- ৮। সাংস্কৃতি কমিটি।

প্রাপক : -----

বাগাতিপাড়া, নাটোর।

কম্পানি ০৫/০৩/২০২২

(মোসাঃ খোদিজা বেগম শাপলা)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

বাগাতিপাড়া, নাটোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসন, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাগাতিপাড়া, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

অধিবেশন নং ০৬/০৫/২০২২

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগতিপাড়া, নাটোর।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাগতিপাড়া, নাটোর।
তারিখ : ০৮/০৩/২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ ঘটিকা


সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক এ দেখানো হলো।

অধ্যকার সভা উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুল হাদী এর সভাপতিত্বে শুরু হয়। উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং উপজেলা কৃষি অফিসারকে আলোচনাসমূহ আলোচনার জন্য অনুরোধ করেন।

আলোচনা সমূহঃ

- ১। সভার সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার মহোদয় সভার শুরুতে জানান যে, এ বছর রবি ফসলের আবাদ পরিস্থিতি ভালো এবং বোরো ফসলের আবাদ গত বছরের তুলনায় বেশী হয়েছে। বোরো ধান ৬৮০ হে, গম ৪৯৭৫হে., সরিষা ৩৫৫ হে., মসুর ১৩৪০, রসুন ১০৫০ হে., মটর ৪৬০হে. এবং শীতকালীন সবজি ৫২৫ হে. জমিতে আবাদ হয়েছে।
- ২। তিনি আরো জানান অত্র উপজেলায় গম একটি প্রধান খাদ্য শস্যের মধ্যে অন্যতম। গম ফসলে বিগত বছরগুলোর অভিজ্ঞতার আলোকে দেখা যায় যে দেশের দক্ষিণাঞ্চলে ছত্রাকজনিত রোগ ব্লাস্টের প্রাদুর্ভাব দেখা যায়। ফলে অত্র উপজেলার ব্লাস্টের আক্রমণের সম্ভাবনা রয়েছে। সেহেতু গম বীজ বপনের সময় বীজ ছত্রাকনাশক দ্বারা শোধন করে বপনের পরামর্শ প্রদান করা হয়েছে। বর্তমানে শীষ বের হওয়ার সময় এ রোগ প্রতিরোধকল্পে নাটিভো/ট্রিপার/ফলিবুন্ড/ফিলিয়া এ জাতীয় ছত্রাকনাশক গমের আবাদি জমিতে প্রয়োগ করার জন্য চাষীদেরকে পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি জনপ্রতিনিধিগণকেও এ ধরনের প্রচারণার জন্য অনুরোধ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বাগতিপাড়া, নাটোর।

